মুজিবনগরে গুডনেইবার্সের আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন

বহুভাষিক শিক্ষার প্রচার পারস্পরিক বোঝাপড়া এবং শান্তির জন্য সাক্ষরতা” এই প্রতিপাদ্যে মুজিবনগরে পালিত হয়েছে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস।

গতকাল রবিবার বিকেলে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, উপজেলার ভবেরপাড়ার সেন্ট জেভিয়ার জুনিয়র হাই স্কুল অডিটরিয়ামে স্কুলের শিক্ষার্থী ও অভিভাবকদের নিয়ে আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস পালন করা হয়।

স্বাক্ষরতা দিবসের অনুষ্ঠানে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন।

উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষক সিস্টার মালতি মালো, গুডনেইবারর্স এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ, সিডিসি সভাপতি রেহেনা খাতুনসহ গুডনেইবারর্স এর কর্মকর্তা এবং স্কুলের শিক্ষকবৃন্দ।

মুজিবনগরে গুডনেইবাসের আমার প্রতিজ্ঞা দিবস পালন

মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, আমার প্রতিজ্ঞা দিবস পালন করা হয়েছে।

রবিবার বিকেলে সেন্ট জেভিয়ার জুনিয়ার হাই স্কুল ক্লাসরুমে বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের নিয়ে এই প্রতিজ্ঞা দিবস পালন করা হয়।

আমার প্রতিজ্ঞা দিবসে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ড সদস্য মি: বাবুল মল্লিক, সেন্ট জেভিয়ার জুনিয়র হাই স্কুলের প্রধান শিক্ষক সিস্টার মালতী মালো, এসএমসি সভাপতি আব্দুল হাই।

প্রতিজ্ঞা দিবসে প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু ছাত্র ছাত্রীদেরকে শপথ বাক্য পাঠ করান:

৫ টি প্রতিজ্ঞা যা আমি কখনোই করব না:

(১) আমি স্কুলে অনুপস্থিত থাকব না (২) আমি শিশু শ্রমে অংশ নেব না
(৩) আমি বাল্য বিবাহ করব না (৪) আমি কখনো অসৎ কাজ করব না (৫) আমি নিজের ও অন্যের জীবন বিপন্ন করব না ।

৫ টি প্রতিজ্ঞা যা আমি করব:

(১) আমি মন দিয়ে লেখাপড়া করব (২) আমি আমার স্বপ্নকে সফল করব (৩) আমি আমার পরিবার নিয়ে সুখে থাকব (৪) আমি সুস্থ্য ও সুন্দর জীবন যাপন করব (৫) আমি একজন সু-প্রতিবেশী হব। স্কুলের ছাত্র ছাত্রীরা শপথ বাক্য মেনে চলার প্রতিজ্ঞা করে।অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন,মেহেরপুর সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ।

আমার প্রতিজ্ঞা দিবসে সেন্ট জেভিয়ার্স জুনিয়র হাই স্কুলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

মুজিবনগরে গুডনেইবার্স এর আমার

[redacted]

[redacted]

[redacted]

[

মুজিবনগরে গুডনেইবার্সের উদ্যোগে সরকারি স্কুল শিক্ষকদের প্রশিক্ষণ

মুজিবনগরের গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর উদ্যোগে উপজেলার সরকারি মাধ্যমিক ও প্রাথমিক স্কুলের ইংরেজি ও গণিত শিক্ষকদের বেসিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে উপজেলার বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয় এবং বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কক্ষে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালা মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার বিভব দেওয়ান, উপজেলা সহকারী শিক্ষা অফিসার মোহাম্মদ সামসুজ্জোহা, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম, গুডনেইবার্স এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ।

প্রশিক্ষণ কর্মশালায় উপজেলার ৫টি মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন করে ইংরেজি ও অংকের শিক্ষক এবং ৫টি প্রাথমিক বিদ্যালয়ের ১জন করে অঙ্ক ও ইংরেজি শিক্ষক নিয়ে মোট ২০ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন।

মাধ্যমিক পর্যায়ে প্রশিক্ষক হিসেবে ছিলেন, আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর সহকারী শিক্ষক মোশারফ হোসেন এবং ফিরাতুল ইসলাম। প্রাথমিক পর্যায়ে প্রশিক্ষক হিসেবে ছিলেন, কেদারগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক শাহজাহান আলী এবং মুজিবনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক রাজিব মিয়া।

মুজিবনগরে গুডনেইবার্স এর আয়োজনে বিশ্ব ডায়োবেটিস দিবস পালিত

মুজিবনগরে গুডনেইবার্স মেহেরপুর সিডিপির আয়োজনে বিশ্ব ডায়বেটিস দিবস পালিত হয়েছে।

সোমবার বেলা সাড়ে এগারোটার দিকে গুডনেইবার্স মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বরে দিবসটি পালন করা হয়।
এ উপলক্ষে এডমিন অফিসার লরেন্স ঢালির সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড.আসাদুজ্জামান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়নের ৬ নং ওয়ার্ড ইউপি সদস্য বাবুল মল্লিক,গুডনেইবার্স সিডিসি মেম্বার এবং চেয়ারপার্সন রেহেনা খাতুন,মেডিকেল ইয়াসিন আল বাশার,সিডিপি প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহাম্মুদ প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই ডায়োবেটিস দিবসের তাৎপর্য তুলে ধরে স্বাগত বক্তব্য রাখেন, গুডনেইবার্স মেহেরপুর সিডিপি মানেজার বিভোব দেওয়ান। অনুষ্ঠান শেষে শিশুদের মাঝে ভালোবাসার উপহার বিতরণ করা হয়।